# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 04.09.2024 Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) আর্থিক দুর্নীতি মামলায় ধৃত আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে সাসপেন্ড করেছে রাজ্য স্বাস্থ্য দফতর। সরিয়ে দেওয়া হয়েছে রাজ্য মেডিকেল কাউন্সিল থেকেও।

২) আজ জি কর-এর ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়ার ডাক্তারা গতকাল নগরপালের হাতে স্মারকলিপি তুলে দিলেও তাঁর পদত্যাগের দাবিতে অনড়। আজ রাত ৯-টা থেকে ১০-টা পর্যন্ত তারা বাড়ি বাড়ি আলো নিভিয়ে মানববন্ধনে সামিল হওয়ার আহ্বান জানিয়েছেন।

৩) আর জি কর হাসপাতালে মোতায়েন সি আই এস এফ জওয়ানদের রাজ্য সরকারের পক্ষ থেকে কোনরকম সহযোগিতা করা হচ্ছে না। এই অভিযোগ জানিয়ে কেন্দ্র সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে।

৪) আর জি কর-এর ঘটনার প্রেক্ষিতে রাজ্য সরকার আগামীকাল শিক্ষক দিবসের অনুষ্ঠান বাতিল করেছে।

৫) সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে রাজ্য সরকার ১৫-ই সেপ্টেম্বরের মধ্যে সব পরিযায়ী শ্রমিককে রেশন কার্ড দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৬) বাংলার জুয়েল সরকার চাইনিস তাইপেতে যুব এশীয় তীরন্দাজি চ্যাম্পিয়ানশিপে ভারতীয় দলে অন্তর্ভুক্ত হয়েছেন।

oooooooooooooooooooooooo

আর্থিক দুর্নীতি মামলায় ধৃত আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে সাসপেন্ড করেছে রাজ্য স্বাস্থ্য দপ্তর। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে গতকাল এই মর্মে এক নির্দেশিকা জারি করা হয়। অবিলম্বে এই সাস্পেনশনের আদেশ কার্যকর হয়েছে। সন্দীপ ঘোষ এর বিরুদ্ধে অপরাধমূলক কাজের তদন্ত চলার কারনেই এই সিদ্ধান্ত বলেও স্বাস্থ্য ভবন সূত্রে জানা গেছে। রাজ্য মেডিক্যাল কাউন্সিলের পেনাল ও এথিক্যাল কমিটি থেকেও তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, আর জি কর এর প্রাক্তন অধ্যক্ষকে এর আগে ইন্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন আই এম এও তাদের সদস্য পদ থেকে সরিয়ে দেয়। বহিস্কার করে পশ্চিমবঙ্গ চেস্ট মেডিসিন এসোসিয়েশন ও ।

এদিকে সন্দীপ ঘোষ সহ ধৃত ৪ জনকে ১০–ই সেপ্টেম্বর পর্যন্ত সিবিআই হেফাজতে পাঠানো হয়েছে। এদের গতকাল আলিপুর আদালতে তোলা হয়। অন্য তিনজন হলেন – ভেন্ডার বিপ্লব সিং, ভেন্ডার সুমন হাজরা এবং সন্দীপ ঘোষের ব্যক্তিগত নিরাপত্তারক্ষী আফসার আলি।

আগেই জানানো হয়েছে আর্থিক দুর্নীতি মামলায় সি বি আই-এর দুর্নীতি দমন শাখা সোমবার রাতে সন্দীপ ঘোষকে গ্রেফতার করে। পরে ধরা হয় বাকি তিনজনকে।

oooooooooooooooooooooo

আর জি কর- এর ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়ার ডাক্তাররা প্রায় ২২ ঘণ্টা অবস্থানের পর গতকাল লালবাজারে ঢুকে নগরপাল বিনীত গোয়েলের হাতে তাঁরই পদত্যাগের দাবি সম্বলিত একটি স্মারকলিপি তুলে দেন। সেই সঙ্গে তাঁর হাতে দেওয়া হয় একটি প্রতিকী মেরুদন্ডও।

পরে পশ্চিমবঙ্গ জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট WBJDF-এর এক মুখপাত্র ডাক্তার অনিকেত মাহাতো বলেন, ১৪-ই আগস্ট রাতে হাসপাতালে ভাঙচুরের ঘটনায় তাদের ব্যর্থতা ছিল বলে পুলিশের পক্ষ থেকে স্বীকার করা হয়েছে।

এছাড়া চেস্ট মেডিসিন বিভাগে যে দেওয়াল ভাঙা ও সংস্কারের কাজ চলছিল তার নির্দেশও তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ-ই দিয়েছিলেন বলে পুলিশ সূত্রে জানা গেছে। সেই জন্য তাকে কলকাতা পুলিশ জিজ্ঞাসাবাদের প্রস্তুতিও শুরু করেছিল। তবে, আরজিকর-এর ঘটনার পর কলকাতা পুলিশের তদন্তে কোন খামতি ছিল না বলে নগরপাল বিনীত গোয়েল তাঁদের জানিয়েছেন। ঊর্দ্ধতন কর্তৃপক্ষ চাইলে তাঁকে সরিয়ে দিতে পারে বলেও তিনি জুনিয়ার ডাক্তারদের প্রতিনিধি দলকে জানিয়েছেন। তাঁরা অবশ্য, নগরপালের পদত্যাগের দাবি থেকে সরে আসছেন না বলে WBJDF-এর মুখপাত্র স্পষ্ট জানান। এই জন্য আন্দোলনও চালিয়ে যাচ্ছেন। এর অঙ্গ হিসেবে এবং আগামীকাল সুপ্রিম কোর্টে মামলার শুনানির আগে জুনিয়ার ডাক্তাররা আজ রাতে এক কর্মসূচী গ্রহণ করছে। বিচার পেতে – আলোর পথে শীর্ষক ওই কর্মসূচীতে রাত ৯-টা থেকে ১০-টা পর্যন্ত সকলের বাড়ি বাড়ি আলো নিভিয়ে মোমবাতি বা প্রদীপ হাতে রাস্তা নেমে মানববন্ধনে সামিল হওয়ার আহ্বান জানানো হয়েছে। জুনিয়ার চিকিৎসকদের পক্ষে ডক্টর অনিকেত মাহাতো সাংবাদিকদের বলেন –

(বাইট – অনিকেত)

এদিকে, কে পি সি মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার চিকিৎসকেরা আজ বিকেলে ন্যায় বিচারের দাবিতে যাদবপুর থানা থেকে ওই হাসপাতাল পর্যন্ত এক মিছিলের ডাক দিয়েছে।

ন্যায় বিচারের দাবিতে কংগ্রেস আজ নিজাম প্যালেস অভিযানের ডাক দিয়েছে। অ্যাকাডেমীর সামনে জমায়েত করে মিছিল এগোবে নিজামে প্যালেসের দিকে।

অন্যদিকে, আর জি কর-এর ঘটনায় ন্যায় বিচারের দাবিতে বামফ্রন্ট গতকাল রাজাবাজার থেকে আর জি কর পর্যন্ত এক মহা মিছিলের ডাক দেয়। মিছিল শ্যামবাজারে পৌঁছলে পুলিশ তাদের আটকে দেওয়ার চেষ্টা করে। এই নিয়ে দেখা দেয় তুমুল উত্তেজনা। সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী বলেন –

(বাইট – সুজন)

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালের ঘটনার প্রতিবাদে, ও তিলোত্তমার বিচারের দাবিতে গতকাল এক অভিনব মানববন্ধন কর্মসূচি পালিত হয় ইএম বাইপাসে। বেলেঘাটা থেকে পাটুলি পর্যন্ত বিশাল এই মানববন্ধনে অংশ নেন বেসরকারি হাসপাতালের চিকিৎসক , চিকিৎসা কর্মী ,স্বাস্থ্যকর্মী, নার্স অসাধারণ মানুষ। বৃষ্টি উপেক্ষা করে ন্যায় বিচারের দাবিতে তারা আজ পথে নামেন। তবে এই মানববন্ধন কর্মসূচি রাস্তার ধারে পালিত হওয়ায় যান চলাচল ছিল স্বাভাবিক।

অন্যদিকে, ঘটনার প্রতিবাদে এবং ন্যায়বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে পরিবেশ সংগঠন সবুজ মঞ্চের পক্ষ থেকে গতকাল দক্ষিণ কলকাতার লেক এলাকায় লেক মল এর সামনে দুপুর তিনটে থেকে সন্ধ্যা ছটা পর্যন্ত অবস্থান বিক্ষোভ কর্মসূচী পালন করা হয়।

oooooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনার পর সেখানে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী সি আই এস এফ-এর যে জওয়ানদের মোতায়েন করা হয়েছে, রাজ্য সরকার তাদের থাকা-খাওয়ার ব্যবস্থা করেনি অভিযোগে কেন্দ্র সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের পক্ষ থেকে গতকাল শীর্ষ আদালতে এক আবেদনে জানানো হয়, ওই জওয়ানদের জন্য ন্যুনতম ব্যবস্থাও গ্রহণ করেননি পশ্চিমবঙ্গ সরকার। তাদের থাকা-খাওয়াতো বটেই, যাতায়াতের ব্যবস্থা

এমনকি মেটাল ডিটেক্টারের মতো নিরাপত্তার জন্য একান্ত প্রয়োজনীয় জিনিষেরও বন্দোবস্ত করা হয়নি। রাজ্য সরকার যাতে এই সি আই এস এফ-এর জওয়ানদের প্রতি সবরকম সহযোগিতার হাত বাড়িয়ে দেয়, তা সুনিশ্চিত করার জন্যও আদালতে ওই আবেদনে আর্জি জানানো হয়েছে। রাজ্যের এই অসহযোগিতা, আদালত অবমাননা এবং সাংবিধানিক নীতির পরিপন্থী বলেও কেন্দ্রের তরফে ওই আবেদনে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট আর জি কর-এর চিকিৎসক খুন ও ধর্ষণের ঘটনার পর ১৪-ই আগস্ট রাতে হাসপাতালে হামলার ঘটনায় স্বতঃপ্রণোদিত মামলা করে। বিশে আগস্ট সেই মামলার শুনানিতে সর্বোচ্চ আদালত আর জি কর-এ সি আই এস এফ জওয়ান মোতায়েনের নির্দেশ দেয়।

oooooooooooooooooooooooo

আরজিকর কাণ্ডের প্রতিবাদে রাজ্যের বেশ কয়েকজন সাংস্কৃতিক ব্যক্তিত্ব তাদের পুরস্কার ফেরত দেওয়ার কথা ঘোষণা করেছেন। নাট্যকার, পরিচালক চন্দন সেন গতকাল সংস্কৃতি অধিকর্তাকে চিঠি লিখে রাজ্য সরকারের দেওয়া দীনবন্ধু মিত্র পুরস্কার ফেরত দিতে চান বলে জানিয়েছেন। ২০১৭ সালে তাঁকে এই পুরষ্কার দেওয়া হয়েছিল। রাজ্যের অমানবিক পরিস্থিতি এবং তিলোত্তমাকে নৃশংসভাবে খুন করার প্রেক্ষিতেই তাঁর এই সিদ্ধান্ত বলে নাট্যকার জানিয়েছেন ।

বাইট

নাট্য নির্দেশক বিপ্লব বন্দ্যোপাধ্যায়ও পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমী পুরস্কার ফিরিয়ে দেওয়ার কথা ঘোষণা করেছেন। নাট্য অ্যাকাডেমীর সচিবের উদ্দেশ্যে লেখা এক চিঠিতে শ্রী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, তাঁর নির্দেশিত দায় আমাদেরও নাটকের জন্য এবছর পয়লা ফেব্রুয়ারী তিনি সেরা নির্দেশক হিসেবে এই নাট্য অ্যাকাডেমী পুরস্কার পান। কিন্তু আর জি কর-এর ঘটনা এবং তার প্রেক্ষিতে পুলিশ প্রশাসনের কার্যকলাপে

তিনি একজন মানুষ হিসেবে লজ্জিত ও ক্ষুব্ধ। এর প্রতিবাদ স্বরূপ পুরস্কার মূল্যবাবদ ৩০ হাজার টাকাও তিনি ফেরত দেওয়ার কথা ঘোষণা করেন। অভিনেত্রী সুদীপ্তা চক্রবর্তীও প্রতিবাদ স্বরূপ তাঁর পুরস্কার ফেরত দেওয়ার কথা ঘোষণা করেছেন। চলচ্চিত্রে বিশেষ অবদানের স্বীকৃতিতে রাজ্য সরকার ২০১৩ সালে তাঁকে এই পুরস্কার দেয়। সম্প্রতি আলিপুরদুয়ারের এক শিক্ষক পরিমল দে , এই ইস্যুতেই রাজ্য সরকারের দেওয়া পুরস্কার ফিরিয়ে দেন। মালদা জেলার থিয়েটার দল সমবেত প্রয়াস ও তাদের অনুদান বাবদ দেওয়া ৫০ হাজার টাকা ফিরিয়ে দেওয়ার কথা জানিয়েছে।

oooooooooooooooooooooo

যৌন নির্যাতন, ধর্ষণ ও গণধর্ষণ সংক্রান্ত আইনকে আরও কঠোর রূপ দিতে রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে পশ্চিমবঙ্গ ফৌজদারি আইনের একটি সংশোধনী । অপরাজিতা নারী ও শিশু (পশ্চিমবঙ্গ ফৌজদারি আইন সংশোধনী) নামে এই বিলটিতে ভারতীয় ন্যায় সংহিতা ও ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও পকসো আইনেরও কয়েকটি ধারা সংশোধন করে কঠোরতর বিধি যুক্ত করা হয়েছে। বিলের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী একে ঐতিহাসিক বলে দাবি করে বলেন, সাজার হার কম বলেই দেশজুড়ে মহিলাদের উপর অত্যাচারের ঘটনা বাড়ছে। নতুন আইনে সেই ফাঁকফোকরগুলি পূরণ করার চেষ্টা করা হয়েছে।

এই বিল এখন রাজ্যপালের অনুমোদনের জন্যে পাঠানো হয়েছে। তারপর তা পাঠানো হবে রাষ্ট্রপতির কাছে, তাঁর সম্মতিলাভের জন্যে।

এদিকে বিজেপি , ধর্ষণ বিরোধী বিলকে সমর্থন করলেও আর জি কর কাণ্ড নিয়ে শাসক বিরোধী তরজায় গতকাল বিধানসভার বিশেষ অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে।

oooooooooooooooooooooo

রাজ্য সরকার আগামীকাল শিক্ষক দিবসের প্রস্তাবিত অনুষ্ঠান বাতিল করেছে। এর ফলে তরুণের স্বপ্ন প্রকল্পে ছাত্র ছাত্রীদের ট্যাব কেনার জন্যে ওইদিন যে টাকা দেওয়ার

কথা ছিল শিক্ষা দপ্তর আপাতত সেই কর্মসূচী স্থগিত রেখেছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের তরফে বিভিন্ন জেলা বিদ্যালয় পরিদর্শককে চিঠি দিয়ে সেই কথা জানিয়ে দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooo

অনুদান বন্ধ করা নিয়ে রাজ্য সরকারের বিরুদ্ধে প্রতিহিংসামূলক আচরণের অভিযোগ তুলেছে স্টুডেন্টস্ হেল্থ হোম কর্তৃপক্ষ। সংস্থার সাধারণ সম্পাদক ডক্টর পবিত্র গোস্বামী জানান, এরফলে ৭২ বছরের পুরনো এই প্রতিষ্ঠান চরম আর্থিক সঙ্কটে পড়েছে। ২ কোটি টাকা বার্ষিক সরকারী অনুদানের দাবি জানান তিনি

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে রাজ্য সরকার, ১৫ই সেপ্টেম্বরের মধ্যে সব পরিযায়ী শ্রমিকদের রেশন কার্ড দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। খাদ্য দপ্তরের এক নির্দেশিকায় জানানো হয়েছে, এসএমএসের মাধ্যমে পরিযায়ী শ্রমিকদের সঙ্গে যোগাযোগ করে অনলাইনে তাদের এই রেশন কার্ড দেওয়া হবে। এইজন্যে দপ্তরের পক্ষ থেকে জেলা ও ব্লক ফুড ইন্সপেক্টরদের নির্দেশ দেওয়া হয়েছে। পরিযায়ী শ্রমিকদের কার্ড দেওয়ার সময় তার পরিবারের সদস্যদের কার্ড নিয়েও বিস্তারিত খোঁজখবর নিতে বলা হয়েছে।

অন্যদিকে যেসব পরিযায়ী শ্রমিক নতুন কার্ড নেওয়ার জন্য আবেদন করেছেন তাদের বলা হয়েছে সংশ্লিষ্ট ব্লক ফুড অফিসে গিয়ে যোগাযোগ করতে। শ্রম দপ্তরের তথ্যের ভিত্তিতে এক লক্ষ চব্বিশ হাজার পরিযায়ী শ্রমিকের রেশন কার্ড নেই বলে খাদ্য দপ্তর সুত্রে জানা গিয়েছে।

ooooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের কুলটি থানা এলাকায় দামোদরের দিসেরগড় ঘাটে স্নান করতে নেমে গত সন্ধ্যায় তলিয়ে যায় বাবা ও তাঁর দুই ছেলে। পুলিশ ও স্থানীয়দের প্রচেষ্টায় এক ছেলের মৃতদেহ উদ্ধার করা সম্ভব হলেও বাকি দুজন এখনো নিখোঁজ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, কলকাতার ইকবালপুর থানা এলাকার বাসিন্দা একই পরিবারের পাঁচজন দিসেরগড় মাজার শরীফে গিয়েছিলেন। গত সন্ধ্যায় তার দামোদরে স্নান করতে নামেন। স্থানীয়রা মা এবং এক শিশুকে কোনোরকমে তোলেন। বাকি তিনজন তলিয়ে যান। খবর পেয়ে সাঁকতোড়িয়া থানার পুলিশ ঘটনাস্থলে আসে। এক ছেলের মৃতদেহ উদ্ধার হয়। বাকি দুজনের তল্লাসির জন্য এনডিআরএফ এবং সিভিল ডিফেন্স দল আসে। কিন্তু রাত হয়ে যাওয়ায় এবং নদীতে জল বাড়ায় তল্লাসি বন্ধ রাখা হয়। আজ আবার তল্লাশি চালানো হবে।

oooooooooooooooooooooo

কোচবিহারের দিনহাটায় এক কলেজ ছাত্রীর প্রায় ১ মাস ধরে নিখোঁজ থাকায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। এই ঘটনায় পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে এলাকার মানুষ গতকাল তুমুল বিক্ষোভ দেখান। তাদের দাবি গত চৌঠা আগস্ট মেয়েটিকে কয়েকজন যুবক বাড়ির কাছ থেকে অপহরণ করে নিয়ে যায়। এরপর দিনহাটা থানায় অভিযোগ দায়ের করা হয়। কিন্তু পুলিশ এখনও পর্যন্ত অপহৃত মেয়েটিকে উদ্ধার করতে পারেনি। দ্রুত ওই ছাত্রীকে উদ্ধার ও অপহরণকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন এলাকার মানুষ। পরে অবশ্য পুলিশের আশ্বাসে বিক্ষোভ তুলে নেওয়া হয়।

ooooooooooooooooooooo

বাংলার জুয়েল সরকার চাইনিজ তাইপেতে আসন্ন যুব এশিয়ান তিরন্দাজি চ্যাম্পিয়নশিপের জন্য ভারতীয় দলে অন্তর্ভুক্ত হয়েছে। এই প্রথম বাংলা থেকে কোন প্রতিযোগী যুব এশিয়ান প্রতিযোগীতায় ভারতীয় দলে সুযোগ পেল।

উল্লেখ্য, যুব এশিয় চ্যাম্পিয়নশিপ শুরু হবে আগামী ২৬ শে সেপ্টেম্বর , চলবে ৪ ঠা অক্টোবর পর্যন্ত।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo

ooooooooooooooooooo